



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৪৭০০.০১৭.২৭.০০২.২০২০-৩৩

তারিখ: ২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ।  
১১ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।


### প্রজ্ঞাপন

যেহেতু, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার ০১নং ধামালিয়া ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সদস্য জনাব এস এম নূর ইসলাম এর বিরুদ্ধে গণধর্ষণে সহায়তার অভিযোগে নারী ও শিশু নির্যাতন দমন আইন সংশোধনী ২০০৩ এর ৯(৩)/৩০ ধারায় ডুমুরিয়া থানায় দায়েরকৃত ফৌজদারী মামলা নং-১৪/১৭৯, তারিখ: ১১/০৯/২০২০ রুজু হওয়ায় জেলা প্রশাসক, খুলনা বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার ০১নং ধামালিয়া ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সদস্য জনাব এস এম নূর ইসলাম এর বিরুদ্ধে গণধর্ষণে সহায়তার অভিযোগে নারী ও শিশু নির্যাতন দমন আইন সংশোধনী ২০০৩ এর ৯(৩)/৩০ ধারায় ডুমুরিয়া থানায় দায়েরকৃত ফৌজদারী মামলা নং-১৪/১৭৯, তারিখ: ১১/০৯/২০২০ রুজু হওয়ায় জনস্বার্থে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার ০১নং ধামালিয়া ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সদস্য জনাব এস এম নূর ইসলাম কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

  
৩১/০১/২০২১  
(মো: আবুজাফর রিপন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৮৬৬০৫  
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৪৭০০.০১৭.২৭.০০২.২০২০-৩৩


তারিখ: ২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ।  
১১ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

### বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব এস এম নূর ইসলাম, ইউপি সদস্য, ০৬নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), ০১নং ধামালিয়া ইউনিয়ন পরিষদ, ডুমুরিয়া, খুলনা।

### অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।

  
৩১/০১/২০২১  
(মো: আবুজাফর রিপন)  
সিনিয়র সহকারী সচিব